বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
**www.lged.gov.bd**

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-৫৮২ তারিখঃ ১৮.০৭.২০২২ ইং

# অফিস আদেশ

বিষয়ঃ **প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরে অর্পিত ক্রয় কার্যক্রমসমূহের আর্থিক ক্ষমতা পুনঃঅর্পন (Sub-delegate) প্রসঙ্গে।**

সূত্রঃ স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮-৭৩৩ তারিখঃ ২২-০৯-২০২০ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আর্থিক ক্ষমতা অর্পন আদেশ (Delegation of Financial Power) অনুসারে উন্নয়ন বাজেটের আওতায় সংস্থা প্রধান ও প্রকল্প পরিচালকগণকে চুক্তি অনুমোদনের আর্থিক ক্ষমতা অর্পন করা হয়েছে। চুক্তি অনুমোদন প্রক্রিয়া ত্বরান্বিত করার লক্ষ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরে অর্পিত ক্রয় কার্যক্রমসমূহের আর্থিক ক্ষমতা প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনা কার্যক্রমের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত প্রধান প্রকৌশলীকে নিম্নবর্ণিতভাবে পুনঃঅর্পন (Sub-delegate) করা হলোঃ

| বিবরণ | অর্পনকৃত ক্ষমতা | মন্তব্য |
|---|---|---|
| ১. প্রাক্কলন অনুমোদন | পূর্ণ ক্ষমতা | |
| ২. কার্য ও ভৌত সেবা সংক্রান্ত চুক্তি অনুমোদন | সর্বোচ্চ ৩% উর্দ্ধদর এবং ৩.০০ কোটি টাকা চুক্তি মূল্য পর্যন্ত দরপত্র অনুমোদন। | |
| ৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবা সংক্রান্ত চুক্তি অনুমোদন | সর্বোচ্চ সমদর এবং ৩০ লক্ষ টাকা চুক্তি মূল্য পর্যন্ত দরপত্র অনুমোদন। | |
| ৪. পরামর্শক সেবা সংক্রান্ত চুক্তি অনুমোদন | সর্বোচ্চ ১.০০ (এক) কোটি টাকা চুক্তি মূল্য পর্যন্ত প্রস্তাব অনুমোদন। | |
| ৫. সময় বর্দ্ধনের আবেদন অনুমোদন | মুল সময়সীমার সর্বোচ্চ ১০০% পর্যন্ত সময় বর্দ্ধনের আবেদন অনুমোদন। | |
| ৬. বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন সংক্রান্ত | পূর্ণক্ষমতা | |

উপরোক্ত পূনঃঅর্পনাদেশের আওতা বহির্ভূত সকল বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর অনুমোদন গ্রহণ করতে হবে। এতদ্ব্যতীত, পূনঃঅর্পনের এ আদেশ বলে প্রতি মাসে কৃত কার্যক্রমের একটি সারসংক্ষেপ পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট উপস্থাপন করতে হবে। উল্লেখ্য উপরোক্ত ১ নং সূত্র মারফত মাঠ পর্যায়ের কর্মকর্তাদের অনুকূলে পূনঃঅর্পনকৃত আদেশ পূর্ববৎ বহাল থাকবে।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

১৮.০৭.২০২২
(সেখ মোহাম্মদ মহসিন)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ০২-৫৮১৫২৮০২
ই-মেইলঃ ce@lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-৫৮২/১ (৬) তারিখঃ ১৮.০৭.২০২২ ইং
অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ----------------------------------------------------------------, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
২. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বিভাগ: ---------------------------------------------------, এলজিইডি, জেলা- -------------।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ---------------------------------------------------------------------- এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, -------------------------------------------------অঞ্চল, এলজিইডি, জেলা---------------------।
৫. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ ------------------------------------------------------------------------------------।
৬. উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলাঃ ------------------------------------ জেলাঃ ----------------------------।

১৮.০৭.২২
(মোঃ আব্দুস সাত্তার)
নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)
ফোনঃ ০২-৫৫০০৬৭৭৫
ই-মেইলঃ xen.procurement@lged.gov.bd